তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

তারিখ: ০৭ জুলাই ২০২৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) পরীক্ষা বিভাগের কার্যক্রমকে আরও আধুনিক, স্বয়ংক্রিয়, নিরাপদ, স্বচ্ছ ও সময়ানুবর্তিতামূলক করার লক্ষ্যে গঠিত "ICT Implementation Monitoring Committee (IIMC)"-এর ৪র্থ সভা আজ ৭ জুলাই ২০২৬ (মঙ্গলবার) অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ উপাচার্যের সভাকক্ষে আজ দুপুর ১২:০০টায় অনুষ্ঠিত এ গুরুত্বপূর্ণ সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সভায় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় পরীক্ষা বিভাগের ডিজিটাল রূপান্তর, তথ্যপ্রযুক্তিনির্ভর সেবার সম্প্রসারণ এবং পরীক্ষা ব্যবস্থাপনাকে আরও দক্ষ, স্বচ্ছ ও যুগোপযোগী করার লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd